# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 08 April, 2025

ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি বাহিনীর নির্বিচার হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল থেকে কক্সবাজার শহরের পর্যটন জোন কলাতলীতে ইজরায়েলি পণ্যর সাইন বোর্ড থাকা বিভিন্ন প্রতিষ্ঠানে ভাংচুরের ঘটনায় কক্সবাজার সদর থানায় একটি মামলা হয়েছে।

মঙ্গলবার পানসি রেস্তোঁরার মালিক নুরুল আলম চৌধুরী বাদি হয়ে এই মামলাটি দায়ের করেন।মামলা অজ্ঞাত আসামি সংখ্যা ৩ শত জন।এ ঘটনায় একজনকে গ্রেপ্তারকরা হয়েছে।

কক্সবাজার সদর মডেল থানার ওসি মোঃ ইলিয়াস খান এ তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন।

তবে গ্রেপ্তারের বিস্তারিত নাম, পরিচয় নিশ্চিত করেননি তিনি।

সোমবার সকালে কক্সবাজার শহরে আয়োজিত একটি মিছিল থেকে কলাতলী এলাকায় চালানো হয় ভাংচুর।

কক্সবাজার রেস্তোরাঁ মালিক সমিতির সাধারণ সম্পাদক জাবেদ ইকবাল জানান, ইজরায়েলি পণ্য রাখার অজুহাতে কেএফসি, পিৎজা হাটের পাশাপাশি কাঁচা লংকা, পানসি রেস্টুরেন্ট এবং মেরিন ফুড রেস্টুরেন্টে ভাঙচুর চালানো হয়।এসময় কাঁচ লেগে কয়েকজন পর্যটক আহত হয়েছে।এছাড়া কলাতলীর মোড় থেকে পর্যটন জোনের যেখানে এমন সাইনবোর্ড ছিল তার সব কয়েকটি ভাংচুর চালানো হয়।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 02:57

URL: https://www.timestodaybd.com/chittagong/379135517